অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/2/2026 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর ক্যাথি হোকল এর বিবৃতি

"আরেকটি দিন, নিউ ইয়র্কের (New York) জন্য অতি গুরুত্বপূর্ণ ফেডারেল সহায়তা দিতে আরেকবার Trump (ট্রাম্প) প্রশাসনের অস্বীকৃতি। প্রেসিডেন্ট Trump (ট্রাম্প) এবং সেক্রেটারি Mullin-এর (মালিন) 87 মিলিয়ন মার্কিন ডলারের সন্ত্রাসবিরোধী তহবিল আটকে রাখার বিষয়টি তুলে ধরার মাত্র এক দিন পর, আমার প্রশাসনকে আজকে জানানো হয়েছে যে 168 মিলিয়ন মার্কিন ডলারের বেশি ক্ষয়ক্ষতি করা এবং নিউ ইয়র্ক সিটি (New York City), লং আইল্যান্ড (Long Island) এবং মিড হাডসনের (Mid-Hudson) কমিউনিটিগুলির উপর গুরুতর আর্থিক বোঝা তৈরি করা ফেব্রুয়ারির তুষারঝড়ের পর মুখ্য দুর্যোগ ঘোষণার (Major Disaster Declaration) জন্য আমাদের আবেদন ফেডারেল ইমার্জেন্সি ম্যানেজমেন্ট এজেন্সি (Federal Emergency Management Agency, FEMA) আনুষ্ঠানিকভাবে প্রত্যাখ্যান করেছে।

এই ঝড়টি ফেডারেল সহায়তা পাওয়ার জন্য FEMA-এর প্রতিটি মানদণ্ড পূরণ করে, তবুও Trump (ট্রাম্প) প্রশাসন রাজনৈতিক খেলা চালিয়ে যাচ্ছে এবং সেই সব নিউ ইয়র্কবাসীর সাথে বিশ্বাসঘাতকতা করছে যারা বিশ্বাস করেন যে ফেডারেল সরকার তাদের সুরক্ষা ও সমর্থন দিবে। হস্তক্ষেপ করতে এবং আমাদের অনুরোধ মঞ্জুর করতে অস্বীকৃতি জানিয়ে প্রেসিডেন্ট Trump (ট্রাম্প) এই বড় ঝড়ে ক্ষতিগ্রস্ত হওয়া প্রত্যেক নিউ ইয়র্কবাসীকে এবং আমাদের কমিউনিটিগুলিকে নিরাপদ রাখতে অক্লান্তভাবে কাজ করা ফার্স্ট রেস্পন্ডার, ইউটিলিটি কর্মী এবং জরুরি ব্যবস্থাপনা কর্মীদের বলছেন যে তারা তার কাছে গুরুত্বপূর্ণ নন।

তবে বিষয়টি স্পষ্ট করা যাক, কংগ্রেসে (Congress) নিউ ইয়র্কের রিপাবলিকান সদস্যরাও এই অবহেলাকে সম্ভব করে তুলছেন। তাদের ধারাবাহিক নীরবতা এবং প্রেসিডেন্টের অবস্থান থেকে সরে আসতে অস্বীকৃতি তাদের নির্বাচিত করে দায়িত্ব দেওয়া কমিউনিটিগুলির প্রতি সরাসরি বিশ্বাসঘাতকতা। কংগ্রেসের এই সদস্যদের আরো অনেক আগেই প্রেসিডেন্টের কাছে এই দুর্যোগ ঘোষণা মঞ্জুর করার এবং নিজেদের নির্বাচনী এলাকার মানুষদের প্রাপ্য ত্রাণের প্রতিটি ডলার প্রদান করার দাবি জানানো উচিত ছিলো।

প্রেসিডেন্ট Trump (ট্রাম্প) যখন তার নিজ স্টেটের দিকে ফিরেও তাকাচ্ছেন না, তখন আমি প্রত্যেক নিউ ইয়র্কবাসীর পক্ষে সবসময় লড়াই করে যাবো যাতে তারা তাদের সরকারের কাছ থেকে প্রাপ্য সমর্থন পান।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন
এই গ্রুপ থেকে আনসাবস্ক্রাইব করতে এবং এর থেকে ইমেইল পাওয়া বন্ধ করতে press.release+unsubscribe@exec.ny.gov ঠিকানায় একটি ইমেইল পাঠান।